গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং-৩৭.২৬.০০০০.১০৭.৬১.০০৪.২৩- ২৮৫

১৩ই চৈত্র ১৪৩০
তারিখ: --------------------
২৭শে মার্চ **২০২৪**

# নিয়োগ বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর আওতায় নিম্নলিখিত শূন্য পদে সরকারি বিধি মোতাবেক পদের পার্শ্বে বর্ণিত জাতীয় বেতনস্কেল (২০১৫) অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে http://imli.teletalk.com.bd ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড - ১৩)<br>টা: ১১,০০০-২৬,৫৯০/- | ১ (এক) | ৩০ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, নোয়াখালী, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার,বান্দরবান,পাবনা, রাজশাহী, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, যশোর, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, ভোলা, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ,নরসিংদী, গাজীপুর,নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, ঢাকা,মাদারীপুর, গোপালগঞ্জ, পঞ্চগড়, দিনাজপুর, নীলফামারী, গাইবান্ধা, রংপুর, ঠাকুরগাঁও, কুড়িগ্রাম, শেরপুর, জামালপুর।<br><br>তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২। | ব্যক্তিগত সহকারী<br>(গ্রেড-১৩)<br>১১,০০০/- ২৬,৫৯০/- | ০২(দুই) | ৩০ বছর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ;<br>ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দ<br>ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৩। | উচ্চমান অফিস সহকারী<br>(গ্রেড- ১৪)<br>টা:১০,২০০-২৪,৬৮০/- | ১ (এক) | ৩০ বছর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ;<br>ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৪। | সহকারী লাইব্রেরিয়ান<br>(গ্রেড-১৪)<br>টা:১০,২০০-২৪,৬৮০/- | ১ (এক) | ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগারিক বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। | |
| ৫। | অডিওভিজুয়াল এ্যাসিসটেন্ট<br>(গ্রেড - ১৬ )<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১ (এক) | ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অডিও ভিজুয়াল কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ৬। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড - ১৬ )<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৪ (চার) | ৩০ বছর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ;<br>ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৭। | ল্যাঙ্গুয়েজ ল্যাব এ্যাসিসটেন্ট<br>(গ্রেড - ১৬ )<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১ (এক) | ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮। | প্রোগ্রাম এ্যাসিসটেন্ট<br>(গ্রেড - ১৬ )<br>টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১ (এক) | ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। | |

## ২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে;

ক) **১ মার্চ ২০২৪** তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হইতে হইবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন (✓) দিতে হইবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোয্য নয়। তবে সকল সরকারি চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হইবে।

গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীকালে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হইবে।

ঘ) মৌখিক পরীক্ষার সময় অনলাইনে আবেদনের সময় প্রাপ্ত Applicant's Copy (রঙিন), সকল শিক্ষাগত যোগ্যতার মূলকপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, চারিত্রিক সনদপত্র, অভিজ্ঞতার সনদ, স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্ব সনদের মূলকপি ও আবেদনে উল্লেখিত অন্যান্য সনদপত্র উপস্থাপন করতে হইবে এবং ১(এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হইবে।

ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলরকর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।

চ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।

ছ) নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত বিদ্যমান সরকারি নীতিমালা/নির্দেশনা অনুসরণ করা হইবে।

জ) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

ঝ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঞ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ ক্রমিকের শূন্য পদ পূরনে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা,২০১৯ অনুসরণ করা হইবে এবং ২,৩ ও ৬ ক্রমিকের শূন্য পদ পূরনে সরকারি প্রতিষ্ঠানের মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা,২০১৯ অনুসরণ করা হইবে।

ট) কম্পিউটার অপারেটর, ব্যক্তিগত সহকারী, উচ্চমান অফিস সহকারী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

ঠ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০২/০৪/২০২৪ খ্রিস্টাব্দ সকাল-১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০৪/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপি প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ২০০/- ও টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ মোট ২২৩/-(দুইশত তেইশ টাকা,অফেরতযোগ্য ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS :** **IMLI**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **IMLI ABCDEF**

Reply: Applicant's Name, 223/- Tk will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type IMLI<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** **IMLI**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **IMLI YES 12345678**

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for IMLI Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://imli.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্যপ্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID** জানা থাকলে: **IMLI**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222
Example: **IMLI Help USER ABCDEF** & Send to 16222

(ii) **PIN Number** জানা থাকলে: **IMLI**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: IMLI Help PIN 12345678 & send to 16222.

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর alljobs.query@teletalk.com.bd অথবা dd.admin@imli.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alijobsbdteletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: IMLI, Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৪. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার আবেদন/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.imli.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

৬. বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকা ছাড়াও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর www.imli.gov.bd ওয়েবসাইটে এবং **http://imli.teletalk.com.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

৭. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

৯. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

27 MAR 2024

**(প্রফেসর ড.হাকিম আরিফ)**
মহাপরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর টেলিটক পোর্টালের QR Code